



পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক শ্রমিক ইউনিয়ন
১৮এ ব্রাবোর্ণ রোড ৭০০০০১-কলকাতা,
(রেজি : নং - ৪১৯৯)



ইস্টেহার নং-১২/২০১৮

তারিখ-০৬.১০.২০১৮

সকল সদস্যদের জন্য,

সাথী,

ব্যাঙ্ক এমপ্লয়ীজ ফেডারেশন,পঃবঃ এর ইস্টেহার সংখ্যা-২৫/২০১৮ তারিখ-০৬/১০/২০১৮এর প্রকৃত পাঠ্যংশ এর অনুলিপি নিচে দেওয়া হলো আপনাদের অবগতি ও আবশ্যকীয় সপ্রিয়তা অবলম্বনের জন্য।

সংগ্রামী অভিনন্দন সহ,
দিনাকী রায়চৌধুরী
সাধারণ সম্পাদক

ব্যাঙ্ক এমপ্লয়ীজ ফেডারেশন,পঃবঃ এর ইস্টেহার সংখ্যা-২৫/২০১৮ তারিখ-০৬/১০/২০১৮এর প্রকৃত পাঠ্যংশ

প্রিয় কমরেড,

তিনটি রাষ্ট্রায়ত্ত্ব ব্যাঙ্কের সংযুক্তিকরণের বিরুদ্ধে

ইউ.এফ.বি.ইউ, পশ্চিমবঙ্গ- এর কর্মসূচী :

১০ই অক্টোবর ২০১৮ (বুধবার), বিকাল ৫.১৫ য়

বেঙ্গল চেম্বার্স অফ কমার্সের সামনে কলকাতার

কেন্দ্রীয় জমায়েত ও বিক্ষোভ সমাবেশ।

কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত নিয়েছে ব্যাঙ্ক অফ বরোদা, বিজয়া ব্যাঙ্ক ও দেনা ব্যাঙ্ক সংযুক্তিকরণের। সরকারের এই সিদ্ধান্ত তথা রাষ্ট্রায়ত্ত্ব ব্যাঙ্কগুলির সংযুক্তিকরণের সর্বনাশা নীতির বিরুদ্ধে জনমত গড়ে তুলতে ইউ.এফ.বি.ইউ, পশ্চিমবঙ্গ- এর ডাকে ১৮ই সেপ্টেম্বর ২০১৮, বিকাল ৫.১৫য় বেঙ্গল চেম্বার্স অফ কমার্সের সামনে কেন্দ্রীয় বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আমাদের নিজস্ব কর্মসূচী হিসাবে ৫ই অক্টোবর ২০১৮ বিকাল ৫-১৫য়, ব্যাঙ্ক অফ বরোদার ইন্ডিয়া এক্সচেঞ্জ শাখার সামনে কেন্দ্রীয় সমাবেশ ও বিক্ষোভ জমায়েত হয়েছে। আজ ইউ.এফ.বি.ইউ, পশ্চিমবঙ্গ- এর সভা থেকে আন্দোলনকে এগিয়ে যাওয়ার লক্ষ্যে আরও কিছু কর্মসূচী গৃহীত হয়েছে।


ইউ.এফ.বি.ইউ, পশ্চিমবঙ্গ- এর গৃহীত কর্মসূচী

১. ১০ই অক্টোবর ২০১৮ (বুধবার), বিকাল ৫.১৫ য় বেঙ্গল চেম্বার্স অফ কমার্সের সামনে (বিবাদী বাগে, নেতাজী সুভাষ রোড ও ইন্ডিয়া এক্সচেঞ্জ প্রেসের সংযোগস্থলে) কলকাতার কেন্দ্রীয় জমায়েত ও বিক্ষোভ সমাবেশ;

২. জেলার সদর শহর ও অন্যান্য গুরুত্বপূর্ণ কেন্দ্রগুলিতে ইউ.এফ.বি.ইউ - অন্তর্ভুক্ত ইউনিয়নগুলির পারস্পরিক আলোচনার ভিত্তিতে ৯ই অক্টোবর ২০১৮ বা ১০ই অক্টোবর ২০১৮ অনুরূপ কর্মসূচী গ্রহণ/পালন করতে হবে।

ইউনিটগুলির প্রতি আমাদের আহ্বান : ইউ.এফ.বি.ইউ, পশ্চিমবঙ্গ-এর গৃহীত উপরোক্ত কর্মসূচী এবং আগামীদিনে এই বিষয়ে ইউ.এফ.বি.ইউ - এর কেন্দ্রীয়স্তরে এবং/অথবা আমাদের সর্বভারতীয় সংগঠন, বি.ই.এফ.আই-এর গৃহীত অন্যান্য প্রতিটি কর্মসূচীর সফল রূপায়নে সার্বিক সাংগঠনিক উদ্যোগ গ্রহণ করুন।

অভিনন্দন সহ,


(জয়দেব দাশগুপ্ত)
সাধারণ সম্পাদক।